# ২০২৫

## বাংলা - মাইনর

### পত্র ঃ MN-1

### [বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান ঃ ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) চর্যাপদের নামকরণ ও কাব্যমূল্য সম্পর্কে আলোচনা করো। ৫+১০

*অথবা*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? কাব্যটির ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ৩+৪+৮

২। (ক) বৈষ্ণব পদাবলী সাহিত্যে চণ্ডীদাসের কবিপ্রতিভার পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটির কবি পরিচয় দাও। অনুবাদ গ্রন্থ হিসেবে কাব্যটির বিশেষত্ব দেখাও। ৫+১০

৩। (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? সংক্ষেপে কবির পরিচয় দাও। তাঁর কবিপ্রতিভা সম্পর্কে আলোচনা করো। ১+২+১২

*অথবা*

(খ) শাক্ত পদাবলী সাহিত্যে রামপ্রসাদ সেনের অবদান আলোচনা করো। ১৫

৪। (ক) **টীকা লেখো** — সন্ধ্যাভাষা। ৫

*অথবা*

(খ) বাংলা সাহিত্যে 'অন্ধকার যুগ' সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

৫। (ক) 'কৃত্তিবাসী রামায়ণ'-এর প্রকৃত নাম কী? এই অনুবাদকর্মটির মৌলিকত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+৪

*অথবা*

(খ) **টীকা লেখো**— 'চৈতন্যভাগবত'। ৫

৬। (ক) **টীকা লেখো**— শাহ মহম্মদ সগীর। ৫

*অথবা*

(খ) আগমনী-বিজয়া পর্যায়ের পদ রচনায় কমলাকান্ত ভট্টাচার্যের অবদান সংক্ষেপে লেখো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদে কোন সময়ের বাংলা ভাষার নিদর্শন পাওয়া যায়?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি প্রথম কবে, কোথা থেকে প্রকাশিত হয়?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি সর্বপ্রথম কার সম্পাদনায় প্রকাশিত হয়?

(ঘ) হরপ্রসাদ শাস্ত্রী সম্পাদিত চর্যাপদ সম্বলিত মূল গ্রন্থটির নাম কী?

(ঙ) বাংলায় তুর্কি আক্রমণ কবে হয়?

(চ) কৃষ্ণদাস কবিরাজ রচিত গ্রন্থটির নাম লেখো।

(ছ) কাশীরাম দাস কোন শতকের কবি?

(জ) কৃত্তিবাসের পৈতৃক উপাধি কী?

(ঝ) চণ্ডীদাসের ভাবশিষ্য কাকে বলা হয়?

(ঞ) 'মৈথিলি কোকিল' কাকে বলা হয়?

(ট) ভারতচন্দ্রের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো।

(ঠ) কোন কাব্যকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলা হয়?

(ড) সৈয়দ আলাওল-এর শ্রেষ্ঠ কাব্য কোনটি?

(ঢ) দৌলত কাজী তাঁর 'লোরচন্দ্রানী ও সতীময়না' কাব্যের প্রেরণা পেয়েছিলেন কোন কোন কাব্য থেকে?

(ণ) কবি রামপ্রসাদ সেন কার পৃষ্ঠপোষকতা লাভ করেন?

---